

■■ সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৬৬২

৬/ মুসাফিরের সালাত ও কসর (كتاب صلاة المسافرين وقصره)

পরিচ্ছেদঃ ২০. রাতের বেলা নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এর সালাত ও দু'আ

আরবী

حَدَّتَنَا يَحْيَى بْنُ يَحْيَى، قَالَ قَرَأْتُ عَلَى مَالِك عَنْ مَخْرَمَةَ بْنِ سُلَيْمَانَ، عَنْ كُرَيْب، مَوْلَى ابْنِ عَبَّاسٍ أَنَّ ابْنَ عَبَّاسٍ، أَخْبَرَهُ أَنَّهُ، بَاتَ لَيْلَةً عِنْدَ مَيْمُونَةَ أُمِّ الْمُؤْمِنِينَ _ وَهِيَ خَالَتُهُ _ ابْنِ عَبَّاسٍ أَنَّ ابْنَ عَبَّاسٍ، أَخْبَرَهُ أَنَّهُ، بَاتَ لَيْلَةً عِنْدَ مَيْمُونَةَ أُمِّ الْمُؤْمِنِينَ _ وَهِيَ خَالَتُهُ وَ قَالَ فَاصْطَجَعْتُ فِي عَرْضِ الْوِسَادَةِ وَاصْطَجَعَ رَسُولُ اللّهِ عليه وسلم حَتَّى انْتَصَفَ اللّيْلُ أَقْ قَبْلَهُ وَأَهْلُهُ فِي طُولِهَا فَنَامَ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم حَتَّى انْتَصَفَ اللّيْلُ أَقْ قَبْلَهُ وَجُهِهِ بِيَدِهِ ثُمَّ قَلْم اللهُ عليه وسلم فَجَعَلَ يَمْسَحُ النَّوْمَ عَنْ وَجُهِهِ بِيَدِهِ ثُمَّ قَرَأَ الْعَشْرَ الآيَاتِ الْحَوَاتِمَ مِنْ سُورَةِ آلِ عِمْرَانَ ثُمَّ قَامَ إِلَى شَنِ مُعَلَّقَةٍ وَجُهِهِ بِيَدِهِ ثُمَّ قَرَأَ الْعَشْرَ الآيَاتِ الْحَوَاتِمَ مِنْ سُورَةِ آلِ عِمْرَانَ ثُمَّ قَامَ إِلَى شَنِ مُعَلَّقَةٍ وَجُهِهِ بِيَدِهِ ثُمَّ قَلْمُ اللّهِ عَلَى وَسُلم مَنْ وَصُلُوعَهُ ثُمَّ قَامَ فَصَلَّى . قَالَ ابْنُ عَبَّاسٍ فَقُمْتُ إِلَى شَنِ مُعَلَقَةٍ صَلَى الله عليه وسلم يَدَهُ الْيُمْنَى عَلَى رَأْسِي وَأَخَذَ بِأْذُنِي الْيُمْنَى يَفْتِلُهَا فَصَلَى رَكُعْتَيْنِ ثُمَّ رَكُعْتَيْنِ ثُمَّ رَكُعْتَيْنِ ثُمَّ رَكُعْتَيْنِ ثُمَّ رَكُعْتَيْنِ ثُمَّ الْمُؤْدِي ثُولَةً مَ فَصَلًى رَكُعْتَيْنِ ثُمَّ مَرَحُونَ عَلَى رَكُعْتَيْنِ ثُمَّ مَنْ الْمُؤَدِّ فَقَامَ فَصَلًى رَكُعْتَيْنِ خُورَةٍ فَصَلًى الصَّبُعَ .

বাংলা

১৬৬২। ইয়াহয়া ইবনু ইয়াহয়া (রহঃ) ... ইবনু আব্বাস (রাঃ) থেকে বর্ণিত যে, তিনি তাঁর খালা উম্মুল মুমিনীন মায়মুনা (রাঃ) এর কাছে একবার রাত্রি যাপন করেন। তিনি বলেন, আমি বিছানার প্রস্তুে শয়ন করলাম এবং রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও তাঁর স্ত্রী (মায়মুনা) শয়ন করলেন তার দৈর্ঘে। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঘুমিয়ে পড়লেন। রাতের অর্ধেক হলে অথবা তার কিছু আগে বা কিছু পরে রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জাগলেন এবং নিজের হাতে তাঁর চেহারা মুবারক থেকে ঘুমের আমেজ মুছতে লাগলেন। তারপর সূরা আলে ইমরালের শেষ দশ আয়াত পড়লেন। তারপর একটি লটকিয়ে রাখা মাশকের কাছে গিয়ে তাঁর থেকে উযূ (ওজু/অজু/অযু) করলেন এবং উত্তমরুপে উযূ করলেন। তারপর দাঁড়িয়ে সালাত শুরু করলেন।



ইবনু আব্বাস (রাঃ) বলেন, আমিও উঠে তেমনই করলাম যেমন রাসুলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম করেছিলেন। পরে আমি গিয়ে তার পাশে দাঁড়ালাম, তখন রাসুলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম তার ডান হাত আমার মাথায় রাখলেন এবং আমার কান ধরে তা মলতে লাগলেন। তখন তিনি দু'রাকআত সালাত আদায় করলেন, তারপর দু' রাকআত তারপর দু' রাকআত তারপর দু' রাকআত তারপর দু' রাকআত তারপর বিতর আদায় করলেন। তারপর শুয়ে পড়লেন। অবশেষে মুয়াযযিন তাঁর নিকটে এলেন। তিনি উঠে সংক্ষিপ্ত দু-রাকআত সালাত (ফজরের সুন্নাত) আদায় করলেন। এরপর বের হয়ে ফজরের সালাত আদায় করলেন।

English

Kuraib, the freed slave of Ibn `Abbas, reported that Ibn `Abbas narrated to him that he spent a night in the house of Maimuna, the mother of the believers, who was his mother's sister. I lay down across the cushion, whereas the Messenger of Allah (**) and his wife lay down on it length-wise. The Messenger of Allah (**) slept till midnight, or a little before midnight, or a little after midnight, and then got up and began to cast off the effects of sleep from his face by rubbing with his hand, and then recited the ten concluding verses of Surah Al-`Imran. He then stood up near a hanging water-skin and performed ablution well, and then stood up and prayed, Ibn `Abbas said:

I also stood up and did the same, as the Messenger of Allah (ﷺ) had done, and then went to him and stood by his side. The Messenger of Allah (ﷺ) placed his right hand upon my head and took hold of my right ear and twisted it, and then observed a pair of rak`ahs, again a pair of rak`ahs, and then observed Witr and then lay down till the Mu'adhdhin came to him. He (the Holy Prophet) then stood up and observed two short rak`ahs, and then went out (to the mosque) and observed the dawn prayer.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন